# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৩৯

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৫৩. মহিলাদের ঈদের নামাযে অংশগ্রহণের উদ্দেশ্যে মাঠে যাওয়া।

باب خُرُوجِ النِّسَاءِ فِي الْعِيدِ

আরবী

حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ، ـ يَعْنِي الطَّيَالِسِيَّ ـ وَمُسْلِمٌ قَالاَ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ عُثْمَانَ، حَدَّثَنِي إِسْمَاعِيلُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَطِيَّةَ، عَنْ جَدَّتِهِ أُمِّ عَطِيَّةَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم لَمَّا قَدِمَ الْمَدِينَةَ جَمَعَ نِسَاءَ الأَنْصَارِ فِي بَيْتٍ فَأَرْسَلَ إِلَيْنَا عُمَرَ بْنَ الْخَطَّابِ فَقَامَ عَلَى الْبَابِ فَسَلَّمَ عَلَيْنَا فَرَدَدْنَا عَلَيْهِ السَّلاَمَ ثُمَّ قَالَ أَنَا رَسُولُ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم إِلَيْكُنَّ . وَأَمَرَنَا بِالْعِيدَيْنِ أَنْ نُخْرِجَ فِيهِمَا الْحُيَّضَ وَالْعُتَّقَ وَلاَ جُمُعَةَ عَلَيْنَا وَنَهَانَا عَنِ اتِّبَاعِ الْجَنَائِزِ .

বাংলা

১১৩৯. আবুল ওয়ালিদ আত্-তায়ালিসী ও মুসলিম (রহঃ) ...... উম্মে আতিয়্যা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনায় এসে আনসারদের মহিলাদেরকে এক বাড়িতে একত্রিত করেন। অতঃপর তিনি উমর ইবনুল খাত্তাব (রাঃ)-কে আমাদের নিকট প্রেরণ করেন। তিনি বাড়ির দরজার নিকট এসে আমাদেরকে সালাম করলে আমরা তার জবাব দেই। অতঃপর তিনি বলেন: আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দূত হিসাবে তোমাদের নিকট হাযির। তিনি আমাদেরকে ঈদের নামাযে হাযির হওয়ার নির্দেশ দেন এবং ঋতুবতী ও বিবাহ্‌যোগ্য কিশোরীদেরকেও সেখানে হাযির হতে বলেন। তিনি আরো বলেন, আমাদের (মহিলাদের) উপর জুমার নামায ওয়াযিব নয়। তিনি আমাদেরকে জানাযায় যেতে নিষেধ করেন।

## English

Umm 'Atiyyah said:
When the Messenger of Allah (ﷺ) came to Medina, he gathered the women of Ansar in a house, and sent to us (to them) 'Umar b. al-Khattab. He stood at the door and gave the salutation to us and we returned it (the salutation) to him. Thereupon, he said: I am the messenger of the Messenger of Allah

(ﷺ) to you. He commanded us to bring out the menstruating women and the virgins for both the 'Id prayers, and that the Friday prayer is not obligatory on us. He prohibited us to accompany the funeral procession.

## ফুটনোট

আহমাদ(৫/৮৫), ইবনু খুযাইমাহ (হাঃ ১৭২২, ১৭২৩) সকলে ইসহাক ইবনু ‘উসমান আল-কালাবী আর ইসমাঈল ইবনু ‘আবদুর রহমান ইবনু ‘আতিয়্যাহ মাকবূল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উম্মু আতিয়্যাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=31522

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন